



স্থাপিত: স্থাপিত : ১৮৩২ খ্রি.

EIIN : 127372


স্মারক নং: রং/জি/রং

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রধান শিক্ষকের কার্য লায়  
রংপুর জিলা স্কুল রংপুর

ফোন : ০৫২১-৬৩৪১৬

web:www.rangpurzillaschool.edu.bd

Email: rzsrangpur@gmail.com



কোড : ৫২৫০

তারিখ : ২৮/০৪/২০২০ খ্রি:

## বিষয় : বিদ্যালয় লিংকে অনলাইন ক্লাস আপলোড করা প্রসঙ্গে।

অত্র বিদ্যালয়ের শিক্ষক/শিক্ষিকাগণকে জানান যাচ্ছে যে, কোভিড-19 রোগের কারণে হয়তো বিদ্যালয় সেপ্টেম্বর/২০২০ পর্যন্ত বন্ধ থাকবে (মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনানুসারে)। দীর্ঘ দিনবিদ্যালয় বন্ধ থাকায় শ্রেণি পাঠদান কার্যক্রম বন্ধ হয়ে পড়েছে যাতে শিক্ষার্থীদের অপূরণীয় ক্ষতি হচ্ছে যা কোন ভাবেই আমাদের কাম্য নয়। জাতীয় স্বার্থে, সে কারণে বিদ্যালয় কর্তৃপক্ষ ইউটিউব চ্যানেলের ব্যবস্থা করেছেন। এই দীর্ঘ সময়ে শিক্ষার্থীদের মনোবল এবং রংপুর জিলা স্কুলের শিক্ষাব্যবস্থা যেন ভেঙ্গে না পড়ে এ কারণে রংপুর জিলা স্কুলের শিক্ষক/শিক্ষিকাগণ অর্ধ-বার্ষিক এবং বার্ষিক পরীক্ষার সিলেবাস অনুযায়ী শ্রেণি ভিত্তিক নিজ নিজ বিষয়ের পাঠ পাওয়ার পয়েন্ট পেজেন্টেশন ক্লাস প্রস্তুত করে তা আবার ভিডিও করে বিদ্যালয়ের অনলাইন ইউটিউব চ্যানেলে আপলোড করবেন। এ বিষয়ে শিক্ষক/শিক্ষিকাগণ সহায়তা করবেন বলে বিদ্যালয় কর্তৃপক্ষ আশা করেন। শিক্ষক/শিক্ষিকাগণ নিজ নিজ ভিডিও আপলোড করার পর তা প্রধান শিক্ষককে ফেসবুক আইডি অথবা মেসেঞ্জারের মাধ্যমে অবগত করবেন। যা বিদ্যালয় কর্তৃপক্ষ রেজিস্টারে সংরক্ষণ করবেন। আরো উল্লেখ থাকে যে, ইতিমধ্যে মাউশি এবং প্রাথমিক ও গণশিক্ষা অধিদপ্তর কর্তৃক সংসদ টেলিভিশনে তৃতীয় থেকে দশম শ্রেণি পাঠদান কার্যক্রম পরিচালিত হচ্ছে। যেখানে প্রত্যেক শ্রেণির বিষয় ভিত্তিক পাঠদান শেষে শিক্ষক ও শিক্ষার্থীদের জন্য বাড়ির কাজ দেয়া হয় যার মূল্যায়িত নম্বর পুনরায় বিদ্যালয় কার্যক্রম চালু হলে শিক্ষার্থীর ধারাবাহিক মূল্যায়নে উক্ত নম্বর সংযোজিত হবে। সেহেতু আমাদের প্রত্যেক শিক্ষককে এই কার্যক্রমে অংশগ্রহণ করতে হবে। কোন বিষয়ে জানার থাকলে বিদ্যালয় কর্তৃপক্ষের সঙ্গে যোগাযোগ করার জন্য বিশেষভাবে অনুরোধ করা গেল। বিষয়টি অতিব জরুরি, ও জনগুরুত্বপূর্ণ।

আদেশক্রমে

আবু রায়হান মিজানুর রহমান

প্রধান শিক্ষক

রংপুর জিলা স্কুল, রংপুর।